সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্স ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

INTERNATIONALTRADE FINANCE DIVISION
HEAD OFFICE- DHAKA
35-44, MOTIJHEEL COMMERCIAL AREA
DHAKA-1000, BANGLADESH
PHONE : (88-02) 9571061 ,7160497 FAX : (88-02) 9585742
Web-site: www.sonalibank.com.bd e-mail : itfdimpexp@gmail.com

নং-প্রকা/আইটিএফডি/নভেল করোনা/প্রণোদনা/৮৬৭ তারিখঃ ০৬/০৪/২০২০

জেনারেল ম্যানেজার/কোম্পানী সেক্রেটারী/চীফ ফিনান্সিয়াল অফিসার/চীফ অডিট অফিসার
চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়, ঢাকা/
সংশ্লিষ্ট প্রিন্সিপাল অফিস/কর্পোরেট শাখা/রিজিওনাল অফিস এবং
সোনালী ব্যাংক লিমিটেড এর সকল এডি শাখা।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখ ০২/০৪/২০২০ (কপি সংযুক্ত) এর বিষয়বস্তুর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২.০০ঃ উক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বজুড়ে নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলতে শুরু করেছে। আমদানি ও রপ্তানির ক্ষেত্রে করোন ভাইরাসের নেতিবাচক প্রভাব বাংলাদেশেও লক্ষ্য করা যাচ্ছে। এ প্রেক্ষাপটে গত ২৫/০৩/২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা ঘোষণা করেছেন। এতদপ্রেক্ষিতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের নিমিত্তে সরকার কর্তৃক বাজেট বরাদ্দ হতে ৫,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা তহবিল গঠন করা হয়েছে' মর্মে অবহিত করা হয়েছে।

এমতাবস্থায়, কর্তৃপক্ষীয় সিদ্ধান্তক্রমে এতদসঙ্গে সংযুক্ত উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা মাতাবেক যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরমার্শ প্রদান করা হলো।

উল্লেখ থাকে যে, এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগের জেনারেল ম্যানেজার জনাব মোঃ আবুল হাসেম (মোবাইল ফোন নম্বর-০১৭০৯-৬৫৭২৬৮) এবং ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব আবিদুর রেজা (মোবাইল ফোন নম্বর-০১৭১১-০৪৮৮৩৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আবিদুর রেজা)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তি ঃ ০৩টি।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৭

০২ এপ্রিল ২০২০
তারিখঃ---------------------
১৯ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বজুড়ে নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলতে শুরু করেছে। আমদানি ও রপ্তানির ক্ষেত্রে করোনা ভাইরাসের নেতিবাচক প্রভাব বাংলাদেশেও লক্ষ্য করা যাচ্ছে। এ প্রেক্ষাপটে গত ২৫ মার্চ ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা ঘোষণা করেছেন। এতদপ্রেক্ষিতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের নিমিত্তে সরকার কর্তৃক বাজেট বরাদ্দ হতে ৫,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা তহবিল গঠন করা হয়েছে।

০২। আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণ/প্রদানের প্রক্রিয়া নিম্নে উল্লেখ করা হলো :

(ক) আর্থিক প্রণোদনা তহবিল এবং এর উদ্দেশ্যঃ রপ্তানি বাণিজ্যের ওপর নভেল করোনা ভাইরাস (COVID-19) এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে ঋণ/বিনিয়োগ প্রদানের উদ্দেশ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হতে আর্থিক প্রণোদনা তহবিল গঠন করা হয়েছে। এ তহবিল হতে বাংলাদেশ ব্যাংক বিনা সুদে বিভিন্ন তফসিলি ব্যাংকের চাহিদা মোতাবেক ঋণ/বিনিয়োগ হিসাবে অর্থ প্রদান করবে। কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা পরিশোধের নিমিত্তে যোগ্য ঋণ/বিনিয়োগ গ্রহীতাকে প্রদানযোগ্য ঋণ/বিনিয়োগের জন্য তফসিলি ব্যাংক আলোচ্য তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণ করতে পারবে।

(খ) আর্থিক প্রণোদনা তহবিল ব্যবস্থাপনাঃ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট (এএন্ডবিডি) কর্তৃক আর্থিক প্রণোদনা তহবিল পরিচালিত হবে। আর্থিক প্রণোদনা তহবিল হতে তফসিলি ব্যাংকের ঋণ গ্রহণ এবং তার বিপরীতে পরিশোধ কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে।

(গ) আর্থিক প্রণোদনা তহবিল হতে ঋণ/বিনিয়োগ গ্রহণের যোগ্যতাঃ

i) সচল রপ্তানিমুখী প্রতিষ্ঠান আর্থিক প্রণোদনা তহবিল এর আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে। যে সকল শিল্প প্রতিষ্ঠান মোট উৎপাদনের ন্যূনতম ৮০ শতাংশ রপ্তানি করে তারা রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এবং যে সকল প্রতিষ্ঠান তাদের শ্রমিক-কর্মচারীদেরকে বিগত ডিসেম্বর ২০১৯, জানুয়ারী ২০২০ এবং ফেব্রুয়ারী ২০২০ মাসের বেতন পরিশোধ করেছে তারা সচল শিল্প প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে। এ তহবিল হতে কেবলমাত্র শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা প্রদানের লক্ষ্যে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে। সচল এবং উপরোক্ত বর্ণনা মোতাবেক রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠনের (যেমন বিজেএমইএ, বিকেএমইএ ইত্যাদি) প্রত্যয়নপত্র (সংগঠনের সভাপতি ও সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত) দ্বারা সমর্থিত হতে হবে। এছাড়াও রপ্তানিকারকের চলমান রপ্তানি কার্যক্রম বিষয়ে তফসিলি ব্যাংক ব্যাংকিং ব্যবস্থা হতে স্বীয় উদ্যোগে তথ্য নিশ্চিত করবে।

ii) আবেদনকারী শিল্প প্রতিষ্ঠানকে তফসিলি ব্যাংকের গ্রাহক হতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের সাথে ব্যাংকের ন্যূনতম তিন মাসের (ডিসেম্বর ২০১৯ হতে ফেব্রুয়ারী ২০২০ পর্যন্ত) রপ্তানি কার্যক্রম অথবা একই সময়ে শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান করতে হবে। তবে একের অধিক ব্যাংকের সাথে রপ্তানি কার্যক্রম পরিচালিত হলে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যে কোন একটি ব্যাংক বাংলাদেশ ব্যাংকে ঋণ/বিনিয়োগের জন্য আবেদন পত্র দাখিল করবে।